

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০২০.০০৪.০১.০০.৪৩৬.২০১৬ ১০২১

তাং ২৭-০৪-২০১৭খ্রিঃ।


বিষয় : হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং-৩৯৪৫/২০১৬ এর ০৬-০৪-২০১৭ তারিখের আদেশ মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসংগে।

সূত্র : চেয়ারম্যান, সোনারগাঁ উপজেলা পরিষদ, সোনারগাঁ, নারায়নগঞ্জ হতে প্রাপ্ত আবেদন।

নারায়নগঞ্জ জেলার সোনারগাঁ উপজেলা পরিষদ চেয়ারম্যান এর বিরুদ্ধে দায়েরকৃত সোনারগাঁ থানার মামলা নং-৩৯(১১)১৩ (জি আর ৫৩১/১৩) ও মামলা নং-৪০(১১)১৩ (জি আর ৫৩২/১৩) এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হওয়ায় এ বিভাগের ০৮ মার্চ, ২০১৭ তারিখের ২৫০ নং স্মারকে তাঁকে সাময়িক বরখাস্ত করা হয়। তিনি বরখাস্ত আদেশকে চ্যালেঞ্জ করে মহামান্য হাইকোর্ট বিভাগে ইতোপূর্বে দায়েরকৃত রিট পিটিশন নং-৩৯৪৫/২০১৬ এ সম্পূরক আবেদন করেন। মাননীয় আদালত বরখাস্ত আদেশ ০৬ (ছয়) মাসের জন্য স্থগিত করতঃ বিবাদীগণকে জবাব দাখিলের জন্য নির্দেশ দিয়েছেন।

০২। এমতাবস্থায়, মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-৩৯৪৫/২০১৬ মামলায় প্রদত্ত স্থগিতাদেশ ভ্যাকেটকরনের লক্ষ্যে উচ্চ আদালতে আপীল দায়েরসহ সরকার পক্ষে মামলাটি প্রতিদ্বন্দ্বিতার জন্য সরকারী আইনজীবীর পাশাপাশি বেসরকারী আইনজীবী হিসেবে নির্দেশক্রমে তাঁকে দায়িত্ব প্রদান করা হলো।

সংযুক্তি : ----- ফর্দ।


(মোহাম্মদ শফিউল আরিফ)
উপসচিব (আইন-১)
☎ ৯৫৪০৯৯

এম.এ. সালাউদ্দিন ইস্কান্দার কিং
প্যানেল আইনজীবী
স্থানীয় সরকার বিভাগ।

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ০১। বিজ্ঞ এটর্নী জেনারেল অব বাংলাদেশ, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
- ০২। বিজ্ঞ সলিসিটর, সলিসিটর অনুবিভাগ, আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সুপ্রীমকোর্ট, ঢাকা।
- ০৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। সিনিয়র সহকারী সচিব (উপজেলা-২), স্থানীয় সরকার বিভাগ
- ০৫। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, ৮৩/বি, মৌচাক টাওয়ার, মালিবাগ, ঢাকা।
- ০৬। হিসাব রক্ষণ কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
- ০৭। কম্পিউটার প্রোগ্রামার (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।